মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
web: www.jessoreboard.gov.bd

স্মারক সংখ্যা ক্রীড়াঃ পিই-৯/৬৮/২০(৫৩০)/ তারিখঃ ১৯-১০-২০১৪ খ্রিঃ

প্রেরকঃ ক্রীড়া অফিসার
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর।

প্রাপকঃ **অত্র বোর্ডের আওতাভূক্ত স্বীকৃতি প্রাপ্ত সকল কলেজের অধ্যক্ষবৃন্দ।**

বিষয় ঃ **২০১৪-২০১৫ বর্ষের আন্তঃকলেজ ভলিবল(ছাত্র), হ্যান্ডবল(ছাত্রী) প্রতিযোগিতায় অংশগ্রহণ প্রসঙ্গে।**

জনাব,

আদিষ্ট হয়ে আপনার অবগতির জন্য জানান যাচ্ছে যে, যশোর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড আয়োজিত ২০১৪-২০১৫ বর্ষের আন্তঃকলেজ ভলিবল(ছাত্র), হ্যান্ডবল(ছাত্রী) প্রতিযোগিতা শীঘ্রই শুরু হবে। উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণকারী কলেজ সমূহকে অত্রসাথ সংযুক্ত খেলোয়াড় নিবন্ধন ফরম পূরণ করে কলেজ প্যাডে খেলোয়াড়দের তালিকাসহ আগামী **২০-১১-২০১৪ খ্রিঃ** তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট পৌঁছানোর জন্য অনুরোধ করা হ'ল। ডাক বিভ্রাট বা অন্য কোন কারণে নির্ধারিত তারিখের মধ্যে এন্ট্রি না পৌঁছালে এন্ট্রি সংক্রান্ত কোন কাগজপত্র গ্রহণযোগ্য হবে না। কলেজ থেকে এন্ট্রি(আবেদন) প্রেরণের সময় পত্রের সাথে সংযুক্ত ২০১৪-২০১৫ বর্ষের খেলাধুলার জন্য প্রস্তুতকৃত খেলোয়াড়দের ক্রীড়া নিবন্ধন ফরম (নমুনা অনুযায়ী ফটোকপি করে) অংশগ্রহণকারী ছাত্র/ছাত্রীদের দ্বারা পূরণপূর্বক স্বাক্ষর করে প্রেরণ করতে হবে। অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত খেলোয়াড় নিবন্ধন ফরমের উপর নির্ধারিত স্থানে পাসপোর্ট সাইজের দুই কপি ছবি আইকা আঠা দ্বারা লাগিয়ে ছবির উপরে অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত করে প্রেরণ করতে হবে। এছাড়া অংশগ্রহণকারী খেলোয়াড়ের কলেজে রক্ষিত টটলিস্টের ফটোকপি অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত করে খেলোয়াড় তালিকার সাথে প্রেরণ করতে হবে। খেলোয়াড়দের ক্রীড়া নিবন্ধন ফরম বোর্ডে জমা হবার পর ক্রীড়া নিবন্ধন ফরমের কলেজ কপি বোর্ডের ক্রীড়া বিভাগ কর্তৃক সীল/স্বাক্ষর শেষে কলেজ কর্তৃপক্ষকে ফেরত দেয়া হবে।

১। খেলোয়াড় অংশগ্রহণের যোগ্যতা ঃ-

ক) যশোর শিক্ষা বোর্ডের অধীনে একাদশ ও দ্বাদশ শ্রেণিতে মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখায় অধ্যয়নরত নিয়মিত ছাত্র-ছাত্রী যারা **২০১৩ ও ২০১৪ বর্ষে মাধ্যমিক/সমমান পরীক্ষায় উত্তীর্ণ** হয়ে উচ্চ মাধ্যমিক পর্যায়ে অধ্যয়ন করছে, কেবলমাত্র তারাই প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।

খ) আন্তঃকলেজ প্রতিযোগিতায় অংশ গ্রহণের সময় খেলোয়াড়দের ক্রীড়া নিবন্ধন ফরমের কলেজ কপিসহ মাধ্যমিক/সমমান পরীক্ষার মূল প্রবেশপত্র, মূল নিবন্ধন রসিদ ও অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত মাধ্যমিক/সমমান পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট এবং অংশগ্রহণকারী খেলোয়াড়ের কলেজে রক্ষিত টটলিস্টের (অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত) ফটোকপি প্রতিযোগিতা পরিচালনা কমিটির নিকট দেখাতে হবে। পত্রে উল্লেখিত কোন কাগজপত্র প্রতিযোগিতা পরিচালনা কমিটির নিকট দেখাতে ব্যর্থ হলে সেক্ষেত্রে সংশ্লিষ্ট খেলোয়াড় প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে না। **যশোর শিক্ষা বোর্ডের অধীনে উচ্চ মাধ্যমিক পর্যায়ে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীই কেবলমাত্র আন্তঃকলেজ প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।**

২। খেলার বিষয় ঃ

ক) ভলিবল (ছাত্র) ঃ প্রতিটি কলেজ দল ১৬ (ষোল) জন খেলোয়াড়ের জন্য ক্রীড়া নিবন্ধন ফরম পূরণ করতে পারবে। এই ১৬ (ষোল) জন খেলোয়াড়ের মধ্য হতে ১২ (বার) জন খেলোয়াড় সমন্বয়ে দল গঠন করতে হবে। সর্বোচ্চ ১২ (বার) জন খেলোয়াড় আর্থিক সুবিধা পাবে।

খ) হ্যান্ডবল (ছাত্রী) ঃ প্রতিটি কলেজ দল ১৬ (ষোল) জন খেলোয়াড়ের জন্য ক্রীড়া নিবন্ধন ফরম পূরণ করতে পারবে। এই ১৬(ষোল) জন খেলোয়াড়ের মধ্য হতে ১২ (বার) জন খেলোয়াড় সমন্বয়ে দল গঠন করতে হবে। সর্বোচ্চ ১২ (বার) জন খেলোয়াড় আর্থিক সুবিধা পাবে।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য-

৩। **আর্থিক সুযোগ সুবিধা (আঞ্চলিক ও চূড়ান্ত পর্বে)ঃ**

অংশগ্রহণকারী কলেজের প্রতিজন খেলোয়াড়কে দৈনিক ডি, এ বাবদ ২০০/০০(দুইশত) টাকা হারে এবং শিক্ষক প্রতিনিধিকে ২৫০/০০(দুইশত পঞ্চাশ) টাকা হারে প্রদান করা হবে। এ ছাড়াও প্রতিযোগিতা অনুষ্ঠিত হবার আগের দিন ও পরের দিন নির্ধারিত দৈনিক ডি, এ এর অর্ধেক প্রদান করা হবে এবং প্রতিযোগিতায় অংশগ্রহণকারী কলেজের খেলোয়াড় ও শিক্ষক প্রতিনিধিকে নিয়মানুযায়ী (নিজ কলেজ থেকে ব্যবস্থাপনার দায়িত্বপ্রাপ্ত কলেজে যাওয়া এবং নিজ কলেজে ফেরত আসা বাবদ) প্রকৃত যাতায়াত ভাড়া প্রদান করা হবে।

৪। **ব্যবস্থাপনার দায়িত্ব সংক্রান্ত ঃ**

২০১৪-২০১৫ বর্ষের আন্তঃকলেজ ভলিবল(ছাত্র), হ্যান্ডবল(ছাত্রী) প্রতিযোগিতার ব্যবস্থাপনার দায়িত্ব গ্রহণেচ্ছুক কলেজের অধ্যক্ষকে নিজ কলেজের খেলার মাঠের পরিমাপ, অংশগ্রহণকারী কলেজের শিক্ষক প্রতিনিধি ও খেলোয়াড়দের নিজ কলেজ ভবনে আবাসন, খাবার পানি, সেনিটেশন, বিদ্যুৎ ব্যবস্থা সম্পর্কিত বিষয়ে বিস্তারিত তথ্য এবং খেলা চলাকালীন খেলার মাঠ ও আবাসন স্থানে প্রয়োজনীয় আইন শৃঙ্খলা ও সার্বিক নিরাপত্তার বিষয়টি স্থানীয় প্রশাসনের সাথে আলোচনা করে আগামী **৩০-১১-২০১৪ খ্রিঃ তারিখের** মধ্যে ব্যবস্থাপনার দায়িত্ব গ্রহণ সংক্রান্ত পত্রটি নিম্ন স্বাক্ষরকারীর বরাবর প্রেরণ করতে অনুরোধ করা হল।

৫। **খেলার নাম ও এন্ট্রি প্রেরণের তারিখ ঃ**

খেলার নাম	এন্ট্রি প্রেরণের শেষ তারিখ
ক) ভলিবল (ছাত্র), খ) হ্যান্ডবল (ছাত্রী)	**২০-১১-২০১৪খ্রিঃ**

প্রতিযোগিতায় এন্ট্রি প্রদানকারী কলেজসমূহ আগামী ০৭-১২-২০১৪ হতে ১২-১২-২০১৪ খ্রিঃ তারিখের মধ্যে নিজ কলেজের খেলোয়াড়দের ক্রীড়া নিবন্ধন ফরমের কলেজ কপি অধ্যক্ষ মহোদয়ের ক্ষমতা পত্র (Authorisation) জমা দিয়ে বোর্ডের ক্রীড়া বিভাগ হতে গ্রহণ করতে পারবে। আন্তঃকলেজ খেলাধুলায় অংশগ্রহণের জন্য অসম্পূর্ণ/ত্রুটিযুক্ত ক্রীড়া নিবন্ধন ফরম প্রেরণ/জমা দিলে সেক্ষেত্রে ফরমটি বাতিল করা হবে। বাতিলকৃত ক্রীড়া নিবন্ধন ফরমের উল্লেখিত প্রতিযোগী(ছাত্র/ছাত্রী) প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে ব্যর্থ হবে। উল্লেখ্য, কোন কলেজ ক্রীড়া নিবন্ধন ফরমের কলেজ কপি বোর্ডের ক্রীড়া বিভাগ হতে খেলা শুরুর পূর্বে গ্রহণ না করলে সেক্ষেত্রে ক্রীড়া নিবন্ধন ফরমের কলেজ কপি ব্যবস্থাপনার দায়িত্বপ্রাপ্ত কলেজ থেকে সংগ্রহ করা যাবে।

সংযুক্ত ঃ খেলোয়াড়দের ক্রীড়া নিবন্ধন ফরম এর নমুনা কপি।

আপনার বিশ্বস্ত

২৭/১০/২০১৪

(আ, ফ, ম, আশাফুদ্দৌলা)
ক্রীড়া অফিসার
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর।
ফোন: ০৪২১-৬৫৫১৭
মোবাঃ ০১৭৩৩-২২২০১৪

২৭/১০/০১৪

স্মারক সংখ্যা ক্রীড়াঃ পিই-৯/৬৮/২১ তারিখঃ ১৯-১০-২০১৪ খ্রিঃ

আদিষ্ট হয়ে পত্র ও ফরমটি অত্র বোর্ডের অন লাইনে দেওয়ার জন্য অনুরোধ করা হল।

০১। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর।

(আ, ফ, ম, আশাফুদ্দৌলা)
ক্রীড়া অফিসার
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর।

অফিস কপি

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

আন্তঃকলেজ খেলাধুলা ঃ ২০১৪-২০১৫

খেলোয়াড়দের ক্রীড়া নিবন্ধন ফরম

(ফরমটি ছাত্র/ছাত্রীকে নিজ হাতে পূরণ করতে হবে)

পাসপোর্ট আকারের ছবি

১। নাম ঃ ....

২। পিতার নাম ঃ ....

৩। কলেজের নাম ঃ ....

৪। কলেজের শ্রেণি, রোল নম্বর, শিক্ষা বর্ষ ও শাখার নাম ঃ

একাদশ/দ্বাদশ			মানবিক/বিজ্ঞান/ব্যবসায় শিক্ষা

৫। মাধ্যমিক পরীক্ষার রোল নম্বর, পাশের সন, কেন্দ্রের নাম ও কেন্দ্র কোড ঃ

৬। কলেজে একাদশ শ্রেণীতে ভর্তির তারিখ, মাধ্যমিক পরীক্ষার নিবন্ধন নম্বর ও শিক্ষা বর্ষ ঃ

৭। অংশগ্রহনেচ্ছু খেলা/প্রতিযোগিতার নাম ঃ..

খেলোয়াড় (ছাত্র/ছাত্রী)-এর স্বাক্ষর

৮। প্রত্যয়ন করা যাচ্ছে যে, ক্রীড়া নিবন্ধন ফরম পূরণকৃত ছাত্র/ছাত্রী আমার কলেজের একাদশ/দ্বাদশ শ্রেণির নিয়মিত ছাত্র/ছাত্রী। সে ভর্তি বাতিল করেনি অথবা কলেজ পরিবর্তন করে অন্য কলেজে ভর্তি হয়নি।

শারীরিক শিক্ষা শিক্ষকের স্বাক্ষর ও মোবাইল নং

অধ্যক্ষের স্বাক্ষর ও সীল

ক্রীড়া অফিসার
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর।

কলেজ কপি

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

আন্তঃকলেজ খেলাধুলা ঃ ২০১৪-২০১৫

খেলোয়াড়দের ক্রীড়া নিবন্ধন ফরম

(ফরমটি ছাত্র/ছাত্রীকে নিজ হাতে পূরণ করতে হবে)

পাসপোর্ট আকারের ছবি

১। নাম ঃ ....

২। পিতার নাম ঃ ....

৩। কলেজের নাম ঃ ....

৪। কলেজের শ্রেণি, রোল নম্বর, শিক্ষা বর্ষ ও শাখার নাম ঃ

একাদশ/দ্বাদশ			মানবিক/বিজ্ঞান/ব্যবসায় শিক্ষা

৫। মাধ্যমিক পরীক্ষার রোল নম্বর, পাশের সন, কেন্দ্রের নাম ও কেন্দ্র কোড ঃ

৬। কলেজে একাদশ শ্রেণীতে ভর্তির তারিখ, মাধ্যমিক পরীক্ষার নিবন্ধন নম্বর ও শিক্ষা বর্ষ ঃ

৭। অংশগ্রহনেচ্ছু খেলা/প্রতিযোগিতার নাম ঃ..

খেলোয়াড় (ছাত্র/ছাত্রী)-এর স্বাক্ষর

৮। প্রত্যয়ন করা যাচ্ছে যে, ক্রীড়া নিবন্ধন ফরম পূরণকৃত ছাত্র/ছাত্রী আমার কলেজের একাদশ/দ্বাদশ শ্রেণির নিয়মিত ছাত্র/ছাত্রী। সে ভর্তি বাতিল করেনি অথবা কলেজ পরিবর্তন করে অন্য কলেজে ভর্তি হয়নি।

শারীরিক শিক্ষা শিক্ষকের স্বাক্ষর ও মোবাইল নং

অধ্যক্ষের স্বাক্ষর ও সীল

ক্রীড়া অফিসার
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর।